স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

**হ্যানিম্যান হল**

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম

হোমিও প্রতিষ্ঠান

হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ সুযোগ ও সুবিধা দেওয়া হয় আমরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি।

হোমিও পেটেণ্ট **"আইওলিন"**

চক্ষু ওঠায় ফল সুনিশ্চিত।

**হ্যানিম্যান হল,** খাগড়া, মুর্শিদাবাদ

বিঃ দ্রঃ—কোন ব্রাঞ্চ নাই।

Registered No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

## সাপ্তাহিক সংবাদ-পত্র

**বহরমপুর এক্সরে ক্লিনিক**

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫০শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৫শে আষাঢ় বুধবার ১৩৭০ ইংরাজী 10th Ju y. 1963 | ৮ম সংখ্যা



সকল ঘরের তরে...

**দীপ্তি** লণ্ঠন

ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Seave

**রান্নায় আনন্দ**

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও পড়বে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।



PATENT NO. 62354/07.57

**খাস জনতা**

কেরোসিন কুকার

প্রস্তুতকারক:

দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ

৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২'২৫ নঃ পঃ, নগদ মূল্য ০৬ নঃ পঃ। বিজ্ঞাপনের হার প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

বিনীত—শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২৫শে আষাঢ় বুধবার সন ১৩৭০ সাল।

# নিরীহ-পীড়ন

—•—

এক গ্রামে অনেক সম্প্রদায়ভুক্ত লোকের বাস। গ্রামে এক ঘর কুম্ভকার থাকিত। বেচারী খুব শান্ত-প্রকৃতির। হাঁড়ি, কলসী ইত্যাদি মাটির পাত্র প্রস্তুত করিয়া জীবিকা নির্ব্বাহ করিত। তার শিল্প-কর্ম্ম এমন যে কারো সঙ্গে তার জন্য বিবাদ বিসম্বাদ করিতে হয় না। বড় বড় গৃহস্থ অনেকেরই পুকুর আছে। যে পুকুরের মাটিতে হাঁড়ি বেশ ভাল হয়, সে সেই পুকুরের মাটি বা পাঁক তুলিয়া নানা রকমের হাঁড়ি, শরা, গেলাস ইত্যাদি প্রস্তুত করে। গ্রামের আশে পাশে জঙ্গল হ'তে আগাছা ছোট ছোট ডাল কেটে এনে সেই হাঁড়ি পোড়ায়। তার নির্ম্মিত জিনিসের দামও খুব কম। কোনটি পয়সায় দুটো, কোনটি এক পয়সা, বড্ড জোড় কলসী হ'লে ৵৹ এক আনা। তাতেই তার বেশ দিনপাত হ'য়ে বেশ সুখে স্বচ্ছন্দে কাল কাটায়। গ্রামের প্রধান ব্যক্তি একজন ব্রাহ্মণ। তিনি সংস্কৃত না জানলেও কথায় কথায় ( ং ঃ ) অনুস্বর, বিসর্গ দিয়ে নিরক্ষর গ্রামবাসীদের কাছে বিদ্যা ফলান। তাঁর একটি পুকুর আছে, তিনি কুম্ভকারকে বললেন—দেখ, পালের পো তুই সকলের পুকুর হ'তে মাটি কেটে হাঁড়ি গড়িস, তাতে তাদের পুকুরের পঙ্কোদ্ধার হয়ে যায়। আমার পুকুরের মাটি নিস্ না কেন? করজোড়ে প্রণাম ক'রে কুম্ভকার ব্রাহ্মণকে বল্লো—দেবতা, আপনার পুকুরে বালি মাটি, ওতে হাঁড়ি হয় না। ব্রাহ্মণ চটে গিয়ে বললেন—আচ্ছা বুঝবি, যেদিন আমার খপ্পরে পড়বি। কুমোরকে শাসিয়ে ঠাকুর মশাই কেবল ফাঁক খুঁজিতে লাগলেন কিসে বেটাকে জব্দ করা যায়।

গ্রামখানির মধ্য দিয়ে জেলা বোর্ডের সড়ক রাস্তা গিয়াছে। কন্‌ট্রাক্টররা সেই রাস্তার পাশে গর্ত্ত ক'রে সড়কে মাটি দিয়েছে। বর্ষাকালে গর্ত্তে জল জমে গিয়েছিল। সেই জলে একটি ছেলে ডুবে মারা গিয়েছে। গ্রামে যে একটি শিশু হত্যা হলো, এর জন্য দোষী কে—নির্দ্ধারণের জন্য গ্রামে পঞ্চায়েত বসলো। সেই ব্রাহ্মণ পঞ্চায়েতের হেড ম্যান। তিনি জেলা বোর্ডের মেম্বর। এমনি আরও অনেকগুলি কাঙাল জব্দ করা অবৈতনিক হাতিয়ার তাঁর হাতে আছে। তিনি এই ঘটনার সব দোষই কুমোরের ঘাড়ে ফেলিবার ফন্দী করিলেন। সকলকে প্রশ্ন করিয়া আলোচনা করিলেন—জেলা বোর্ড মাটি কেটেছে, তাতে তো ছেলে ডোবেনি। বৃষ্টি হয়ে জল জ'মে ছেলে ডুবেছে। জেলাবোর্ড কোন দোষ করেনি। বৃষ্টি পড়েছে মেঘ হ'তে। মেঘ হয়েছে ধূমো উপরে উঠে। সকলের বাড়ীতেই ধূমো হয় সামান্য সামান্য। বেশী ধূমো করে হাঁড়ি পোড়াতে বেটা কুমোর। ঠাকুর মশায়ের মতেই সকলের মত। সকলেই বললেন রায় লিখুন দেবতা। দেবতা সাধুভাষায় রায় লিখলেন—

"কুম্ভকারে ধূম্রাকার,
ধূম্রাকারে মেঘাকার,
মেঘাকারে জলাকার,
জলাকারে ছেলে ডুবে মরলো।

মার বেটা কুমোরকে। নিরীহ কুম্ভকারের পীড়ন হলো।

---

## চূড়ান্ত ক্ষতিপূরণ

মুর্শিদাবাদ-বীরভূমের সেটেলমেণ্ট অফিসার শ্রীসমর গুপ্ত মহাশয় লিখিয়াছেন—

মহাশয়, সেটেলমেণ্ট বিভাগের মাধ্যমে জমিদারী গ্রহণ আইন অনুসারে চূড়ান্ত ক্ষতিপূরণ হাতে হাতে মিটাইয়া দেওয়ার যে ব্যবস্থা করা হইয়াছিল তাহাতে গত দুই মাসে মুর্শিদাবাদ জেলার বিভিন্ন এলাকাধীন ৪২১৩ জন মধ্যস্বত্বভোগীকে ১,৮১,০৩৬, ৬৮ নঃ পঃ দেওয়া হইয়াছে। জনসাধারণের অবগতির জন্য এই সংবাদটি আপনার জনপ্রিয় পত্রিকায় প্রকাশের ব্যবস্থা করিলে অনুগৃহীত হইব।

---

## চতুর্দ্দশ বনমহোৎসব

বিগত ৩রা জুলাই বুধবার বৈকাল ৫ ঘটিকায় বহরমপুর ষ্টেশন সংলগ্ন নব নির্মীয়মান হাসপাতাল প্রাঙ্গণে বিশেষ সমারোহে বিশিষ্ট সরকারী ও বেসরকারী ভদ্রমহোদয় এবং মহিলাগণের উপস্থিতিতে চতুর্দ্দশ বনমহোৎসব উদ্‌যাপিত হইয়াছে। মুর্শিদাবাদের জেলা শাসক শ্রীদিলীপ-কুমার গুহ, আই-এ-এস মহোদয় উক্ত অনুষ্ঠানে পৌরোহিত্য করেন।

গত ৮ই জুলাই সোমবার অপরাহ্ণ ৫ ঘটিকায় জঙ্গিপুর ফৌজদারী আদালত প্রাঙ্গণে মহকুমা শাসক শ্রীবিমলকুমার রায় চৌধুরী মহোদয়ের সভাপতিত্বে চতুর্দ্দশ বনমহোৎসব অনুষ্ঠিত হইয়াছে। সভাপতি মহাশয় উক্ত প্রাঙ্গণে একটী বৃক্ষ রোপণ করেন। এই উৎসবে সরকারী কর্ম্মচারিগণ ও সহরের গণ্যমান্য ব্যক্তিগণ যোগদান করিয়াছিলেন।

---

## মাছি আপনার শত্রু

একে জন্মাতে দেবেন না। মল আর পচা আবর্জ্জনায় এদের জন্ম। এজন্য সব রকমের নোংরার সঙ্গে এদের অবিচ্ছেদ্য সম্পর্ক। সংক্রামক রোগের জীবাণু এরা লোমশ পায়ে বয়ে এনে খাবারে মিশিয়ে দেয়। খাবার জিনিস সর্ব্বদা ঢেকে রাখবেন।

---

## রঘুনাথগঞ্জে চাউলের দর

রঘুনাথগঞ্জ বাজারে বর্ত্তমানে ছাঁটা চাউল ৮৬ টাকা কুইন্টাল ও আছাঁটা চাউল ৮২ টাকা কুইন্টাল দরে বিক্রয় হইতেছে।

---

## সর্প-দংশনে মৃত্যু

বুধবার রাত্রে সোনাটিকরী কলোনীর শ্রীখোকন হালদারের স্ত্রীকে ঘুমন্ত অবস্থায় সর্পে দংশন করায় শেষ রাত্রে তাহার মৃত্যু হইয়াছে। সে পাঁচটী সন্তানের জননী। দরিদ্রতার জন্য রঘুনাথগঞ্জে তিনটী গৃহস্থ বাড়ীতে দাসীবৃত্তি করিয়া উদরান্নের সংস্থান করিত।

# উপঢৌকনে উপদ্রব



কপালের কর্ম্মভোগ

ঝাঁকা-মুটের মুষ্টিযোগ !

ঝাড়ুদার—সাচ্চা সাহেব আচ্ছা কিয়া

বিলকুল চিজ ফেক্ দিয়া।

## জঙ্গিপুর কলেজ (মুর্শিদাবাদ)

১ম বর্ষ ত্রৈবার্ষিক কলা ও বিজ্ঞান এবং প্রাক্ বিশ্ববিদ্যালয় কলা ও বিজ্ঞান বিভাগে ভর্ত্তি চলিতেছে।

ছাত্রাবাসে স্থান সংগ্রহের জন্য পূর্ব্বাহ্ণে দরখাস্ত করিতে হইবে। ভর্ত্তির সময় আপন আপন মার্কসিট কলেজ আপিসে দাখিল করিতে হইবে। অন্য বিশ্ববিদ্যালয়ের ছাত্রগণকে মাইগ্রেশন সার্টিফিকেট লইয়া আসিতে হইবে। ভর্ত্তির আবেদনপত্র কলেজ আপিস হইতে পাওয়া যাইবে।

প্রিন্সিপ্যাল,
জঙ্গিপুর কলেজ।

## নোটীশ

এতদ্দ্বারা বঙ্গীয় প্রাথমিক শিক্ষা আইনের ৬ (৩) ধারামতে জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর সর্ব্বসাধারণকে জানান যায় যে ১৯৬৩ সালের ১লা জুলাই হইতে পশ্চিমবঙ্গ সরকারের অনুমোদন ক্রমে মিউনিসিপ্যালিটীর কমিশনারগণ, মিউনিসিপ্যালিটীর অন্তর্গত ৬—১১ বৎসর বয়স পর্য্যন্ত সমস্ত বালক এবং বালিকার প্রাথমিক শিক্ষা অবৈতনিক এবং বাধ্যতামূলক করিলেন।

স্বাঃ শ্রীমুক্তিপদ চট্টোপাধ্যায়
চেয়ারম্যান, জঙ্গিপুর মিউনিসিপ্যালিটী।

## বিজ্ঞাপন

রঘুনাথগঞ্জ দেশবন্ধু-যতীনদাস পাঠাগারের জন্য একজন গ্রন্থাগারিক প্রয়োজন। ন্যূনতম যোগ্যতা স্কুল ফাইনাল অথবা সমতুল্য পরীক্ষায় উত্তীর্ণ। পদটি অস্থায়ী। বেতন মাসিক নির্দ্দিষ্ট ৭৫৲ টাকা মাত্র। আগামী ২০শে জুলাই এর মধ্যে নির্দ্দিষ্ট আবেদনপত্রে সম্পাদকের নিকট আবেদন করিতে হইবে। আবেদনপত্র পাঠাগারে সন্ধ্যা ৭টা হইতে ৮৷৹টা পর্য্যন্ত পাওয়া যাইবে। ১০।৭।৬৩

বিশ্বপতি চট্টোপাধ্যায়, সম্পাদক
দেশবন্ধু-যতীনদাস পাঠাগার, রঘুনাথগঞ্জ।





বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই যাঁরা আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

**আমলা** কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

---

**সারিবাদ্যাসব**

এর প্রতি ফোঁটাই আপনার রক্তের বিশুদ্ধতা আনবে এবং দেহে নূতন শক্তি ও উৎসাহের সঞ্চার করবে।

ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও
সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীনলীগোপাল সেন, কবিরাজ
আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

---

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

**আর্ট ইউনিয়ন**

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলিঃ

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬

---

আমেরিকায় আবিষ্কৃত

**ইলেকট্রিক সলিউসন**

— দ্বারা —

**মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—**



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পটার সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ২৲ দুই টাকা ও মাশুলাদি ১·১৯ এক টাকা উনিশ নয়া পয়সা।

সোল এজেন্ট :— **ডাঃ ডি, ডি, হাজরা**
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

---

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

**ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের**

**চ্যবনপ্রাশ**

নিয়মিত সেবনে শ্বাস, কাশ ও হাঁপানি রোগ চিরতরে নিরাময় হয়

প্রাপ্তিস্থান—

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ


---

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।